

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ক্ষেতলাল, জয়পুরহাট
<http://khetlaljoypurhat.gov.bd>

নং-০৫.৪৩.৩৮৬১.০০০.০৩.০০৬.২৩- ৮৭৬

তারিখঃ ২৯/০৮/২০২৩খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের মহল্লাদারের শূন্যপদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

তফসিল

পদের নাম	ইউনিয়ন পরিষদের নাম	ওয়ার্ড নম্বর	শূন্য পদের সংখ্যা	বেতন-ভাতা	শিক্ষাগত যোগ্যতা
মহল্লাদার	তুলশীগঞ্জা		০১(এক) টি	মাসিক ভাতা সরকারি অংশ-৩,২৫০/- ইউপি অংশ-৩,২৫০/- এছাড়া সরকারি সিদ্ধান্ত অনুযায়ী অন্যান্য ভাতা	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
	বড়াইল		০৩(তিন) টি		
	বড়তারা		০১(এক) টি		
	আলমপুর		০৩(তিন) টি		
	মামুদপুর		০২(দুই) টি		

শর্তসমূহঃ

- ০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। প্রার্থীর বয়স বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে অবশ্যই ১৮ (আঠার) হতে ৩০(ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা কোটায় প্রার্থীর উক্ত তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ০৩। পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ৪ ইঞ্চি, সর্বনিম্ন বুকের মাপ স্বাভাবিক ৩০ (ত্রিশ) ইঞ্চি, সম্প্রসারিত ৩২ (বত্রিশ) ইঞ্চি এবং ওজন সর্বনিম্ন ৫০ (পঞ্চাশ) কেজি হতে হবে।
- ০৪। মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, সর্বনিম্ন বুকের মাপ স্বাভাবিক ২৮ (আটাশ) ইঞ্চি, সম্প্রসারিত ৩০(ত্রিশ) ইঞ্চি এবং ওজন সর্বনিম্ন ৪৫ (পঁয়তাল্লিশ) কেজি হতে হবে।
- ০৫। নিয়োগের ক্ষেত্রে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের (যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে) অগ্রাধিকার প্রদান করা হবে।
- ০৬। আবেদনপত্র আগামী ১৪/০৯/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিসে জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৭। প্রার্থীকে নিম্নস্বাক্ষরকারী বরাবর সাদা কাগজে লিখিত আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা প্রদান করতে হবেঃ
 - ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০৩(তিন) কপি।
 - খ) স্ব স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব এবং চারিত্রিক সনদপত্রের মূল কপি।
 - গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র এবং জন্ম সনদপত্রের কপি।
 - ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি।
 - ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অভিজ্ঞতার সনদপত্রের কপি (যদি থাকে)।
 - চ) প্রার্থী কোন কোটাভুক্ত হলে কোটার সমর্থনে সনদপত্রসহ অন্যান্য কাগজপত্র দাখিল করতে হবে।



২৯/০৮/২৩

নুসরাত জাহান বন্যা

উপজেলা নির্বাহী অফিসার


ক্ষেতলাল, জয়পুরহাট

☎: ০২৫৮৮৮৭৭৫২৫

✉: unokhetlal@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। জেলা প্রশাসক, জয়পুরহাট
- ০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জয়পুরহাট
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট
- ০৪। মেয়র, ক্ষেতলাল পৌরসভা
- ০৫। সহকারী কমিশনার (ভূমি), ক্ষেতলাল, জয়পুরহাট
- ০৬। অফিসার ইনচার্জ, ক্ষেতলাল থানা
- ০৭। উপজেলা..... অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট
- ০৮। চেয়ারম্যান, তুলশীগঞ্জা/বড়াইল/মামুদপুর/আলমপুর/বড়তারা ইউনিয়ন পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট। বিজ্ঞপ্তি তার ইউনিয়নের সকল হাট-বাজার এবং জনবহুল স্থানে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, তুলশীগঞ্জা/বড়াইল/মামুদপুর/আলমপুর/বড়তারা ইউনিয়ন ভূমি অফিস, ক্ষেতলাল, জয়পুরহাট
- ১০। সচিব, তুলশীগঞ্জা/বড়াইল/মামুদপুর/আলমপুর/বড়তারা ইউনিয়ন পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট
- ১১। নোটিশ বোর্ড
- ১২। অফিস কপি


২৯/০৮/২৩

উপজেলা নির্বাহী অফিসার
ক্ষেতলাল, জয়পুরহাট